








# Windows 11 - connect to TAFE NSW Wi-Fi (Bangla)

## Windows 11 - TAFE NSW Wi-Fi এর সাথে সংযোগ করুন।

|  |   |  |  |  |
|--|---|--|--|--|
| <p>১ নিচের ডান কর্নারে নেটওয়ার্ক সংযোগ আইকন এ ক্লিক করুন।</p>  | <p>২ Manage Wi-Fi connections অ্যাপোতে ক্লিক করুন।</p>  | <p>৩ TAFENSW নির্বাচন করুন।</p>   | <p>৪ Connect ক্লিক করুন।</p>    | <p>৫ আপনার TAFE NSW ব্যবহারকারী নাম এবং পাসওয়ার্ড টাইপ করুন।</p> <p>আপনার ব্যবহারকারী নাম ফরম্যাট করুন এইভাবে -</p> <p>গুণমাত্র উদাহরণঃ</p> <p>firstname.lastname@tafensw.edu.au (কর্মী)</p> <p>firstname.lastname3@studytafensw.edu.au (ছাত্র)</p>  |
| <p>৬ Connect ক্লিক করুন।</p>                                  | <p>৭ আপনার এখন TAFENSW ওয়াইফাই এর সাথে সংযুক্ত হওয়া উচিত।</p>   | <p>৮ এটি কাজ করছে কিনা এটা পরীক্ষা করার জন্য,</p> <p>আপনার সার্চ ইঞ্জিন খুলুন (Google/Bing)</p> <p>অথবা ব্রাউজার খুলুন (Chrome/Firefox/Edge)</p> <p>এবং একটি অনুসন্ধান শব্দ টাইপ করুন।</p> <p>অনুসন্ধানের ফলাফল সঠিকভাবে লোড হওয়া উচিত।</p> | <p>এখনও কাজ করছে না?</p> <p>পরীক্ষা করুন আপনার Auto detect settings সেট আপ করা হয়েছে কিনা।</p> <p>এদের দেখতে এইরকম হওয়া উচিতঃ</p>  <p>আরও সাহায্যের জন্য, আমাদের সাপোর্ট এবং FAQ পড়তে অথবা দেখতে এইখানে যান -</p> <p>tafensw.libguides.com/wifisupport</p> |  |

# Windows 11 - আরও সাহায্য

আপনি যদি আমাদের নির্দেশাবলী অনুসরণ করে থাকেন কিন্তু আপনি এখনও ওয়াইফাই এর সাথে সংযোগ করতে না পারেন, তাহলে এর মধ্যে এক অথবা একাধিক চেষ্টা করুনঃ

## নেটওয়ার্ক ভুলে যান

এটা প্রয়োজন যখন আপনি স্ক্র্যাচ থেকে আবার শুরু করতে চান, অথবা যখন আপনি আপনার পাসওয়ার্ড পরিবর্তন করেছেন তখন।

### উইন্ডোজ 11

- টাস্ক বারে নেটওয়ার্ক আইকন এ রাইট ক্লিক করুন, এবং Network & Internet settings নির্বাচন করুন
- ওয়াইফাই ক্লিক করুন
- Manage known networks ক্লিক করুন
- আপনার নেটওয়ার্ক তালিকা থেকে TAFENSW খুঁজে বের করুন এবং Forget ক্লিক করুন

এখন স্ক্র্যাচ থেকে পুনরায় নেটওয়ার্ক এ যোগদান করার চেষ্টা করুন।

### উইন্ডোজ 10 এবং 8

- এইখানে নির্দেশাবলী দেখুন - [tafensw.libguides.com/wifisupport/windows](https://tafensw.libguides.com/wifisupport/windows)

## ম্যানুয়াল প্রক্সিতে পরিবর্তন করুন

যদি ডিভাইসটি সংযোগ না করে, অথবা বলে যে এটি ওয়াইফাই এর সাথে সংযুক্ত কিন্তু কোন ইন্টারনেট নেই, তাহলে আপনাকে প্রক্সি সেট করতে হবে।

- স্টার্ট মেন্যুতে যান
- সার্চ বক্সে প্রক্সি শব্দটি টাইপ করুন
- Change manual proxy server settings নির্বাচন করুন
- Use a proxy server এ Set up নির্বাচন করুন
- আইপি এড্রেস টাইপ করুন - [proxy.tafensw.edu.au](https://proxy.tafensw.edu.au) এবং পোর্ট টাইপ করুন - 8080
- Save ক্লিক করুন

## যদি আপনার ব্রাউজার হিসাবে ফায়ারফক্স ব্যবহার করেন

আপনার উইন্ডোজ ডিভাইস এ, যদি ফায়ারফক্স ব্যবহার করেন, আপনাকে ব্রাউজার এ প্রক্সি কনফিগার করতে হবে।

আপনার ব্রাউজার সেটিংস্ কনফিগার করার জন্য নির্দিষ্ট নির্দেশাবলী খুঁজে পেতে ইন্টারনেট এ আপনার ফায়ারফক্স এর সংস্করণ অনুসন্ধান করুন।

অথবা এই নির্দেশাবলী ফায়ারফক্স এর কিছু সংস্করণ এর জন্য কাজ করতে পারেঃ

1. ফায়ারফক্স ট্যাব অথবা টুল আইকন নির্বাচন করুন
2. Options
3. Advanced
4. Connection - Settings
5. এই নেটওয়ার্ক এর জন্য Automatically detect settings টিক দিন

## ব্যবহারকারী নাম

আপনি কি সঠিক ফরম্যাট ব্যবহার করছেন?

- `firstname.lastname2@studytafensw.edu.au` (ছাত্র)
- `firstname.lastname@tafensw.edu.au` (কর্মী)

মনে রাখবেন যে কতগুলো ব্যবহারকারী নামের ক্ষেত্রে আপনার শেষ নামের পরে একটি নম্বর আছে।

## এখনও কাজ করছে না?

- লাইব্রেরি কর্মীরা নির্দেশাবলী অনুসরণ করতে সাহায্য করতে সক্ষম হতে পারে
- এখানে আমাদের সাপোর্ট এবং FAQ চেষ্টা করুন - [tafensw.libguides.com/wifisupport](https://tafensw.libguides.com/wifisupport)